গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
আইসিটি শাখা

...

| | |
|---|---|
| সভাপতি | ড. মো: হুমায়ুন কবীর<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | ১৭ মে ২০২১ খ্রি. |
| সভার সময় | বেলা ১.৪৫ ঘটিকা |
| স্থান | বিভাগীয় কমিশনার, রাজশাহী এর সম্মেলন কক্ষ (জুম সফটওয়্যারের মাধ্যমে) |
| উপস্থিতি | জুম সফটওয়্যারের মাধ্যমে |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় জানানো হয় যে, জনগণের দোরগোড়ায় ই-সেবা নিশ্চিত করাসহ ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে ই-সেবা কার্যক্রম বাস্তবায়ন এবং নেতৃত্ব প্রদানের জন্য একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সক্ষমতা বৃদ্ধির জন্য বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে। এ প্রক্রিয়ার অংশ হিসেবে মন্ত্রিপরিষদ বিভাগ ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামের যৌথ উদ্যোগে নাগরিক সেবা প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে সারাদেশের ন্যায় রাজশাহী বিভাগে বিভাগীয় পর্যায়ে নাগরিক সেবায় উদ্ভাবনী বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তাগণ স্ব স্ব দপ্তরে বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করেছেন এবং দপ্তর প্রধানগণ নিয়মিত তাদের কাজকে মনিটরিং করছেন।

০২। সভায় আরোও জানানো হয় যে, মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্নেন্স শাখার ২১/০৭/২০২০ তারিখের ৪১ নং স্মারকমূলে জেলা ও উপজেলা পর্যায়ে ২০২০-২০২১ অর্থ বছরের জন্য ইনোভেশন টিমকে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। জেলা ও উপজেলা পর্যায়ে ইনোভেশন টিম তাদের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন করেছেন এবং জেলা পর্যায়ে তা বাস্তবায়ন কার্যক্রম অব্যাহত রয়েছে। অত:পর কার্যপত্র অনুযায়ী সভার কাজ আরম্ভ করার জন্য অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী বিভাগ, রাজশাহীকে অনুরোধ করা হয়। সভায় নিম্নরূপ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:


| ক্রঃ | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | গত সভার কার্যবিবরণী অনুমোদন | গত ২১ ফেব্রুয়ারি ২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত বিভাগীয় ইনোভেশন টিমের সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনীর প্রয়োজনীয়তা আছে কিনা তা সদস্যদের নিকট জানতে চাওয়া হয়। সভার সদস্যগণ কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | গত ২১ ফেব্রুয়ারি ২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত বিভাগীয় ইনোভেশন টিমের সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী বিভাগ |
| ২. | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার | গত ২১ ফেব্রুয়ারি ২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত বিভাগীয় ইনোভেশন টিমের সভায় ৭টি সিদ্ধান্ত গৃহীত হয়। তন্মধ্যে ৬ টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়। সিদ্ধান্ত বাস্তবায়ন হার ৯০%। | সিদ্ধান্ত বাস্তবায়ন হার শতভাগ নিশ্চিতকরণ অব্যাহত রাখতে হবে। | বিভাগীয় ইনোভেশন টিমের সদস্যবৃন্দ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | জেলা ভিত্তিক উদ্ভাবন | ১) সভায়, এ বিভাগে গৃহীত জেলা ভিত্তিক ২০২০-২০২১ অর্থ বছরে উদ্ভাবনী পাইলট প্রকল্পের কার্যক্রম বিষয়ে আলোচনা করা হয়। রাজশাহী বিভাগের ০৮টি জেলার বিভিন্ন দপ্তরের প্রকল্পের সংখ্যা নিম্নরুপ: চাঁপাইনবাবগঞ্জে-৫টি, নাটোরে-৬টি, সিরাজগঞ্জে-১৪ টি, রাজশাহীতে-২৪টি নওগাঁয়-১৩টি, বগুড়ায়-১২টি, পাবনায়-১০টি, জয়পুরহাটে-৩টি সর্বমোট= ৮৭ টি প্রকল্প। এছাড়াও সভায় জানানো হয় ২০২০-২০২১ অর্থ বছরে জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিত  তথ্য প্রদানের জন্য এ বিভাগের ০৮ টি জেলায় কর্মরত জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসন কর্তৃক গৃহীত উদ্ভাবনী প্রকল্পের সংখ্যা নিম্নরুপভাবে পাওয়া গেছে: বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী-১টি, চাঁপাইনবাবগঞ্জে-১টি, নাটোরে-৩ টি, সিরাজগঞ্জে-২টি, রাজশাহীতে-২ টি নওগাঁয়-১টি, **বগুড়ায়-৭টি, পাবনায়-৩টি, জয়পুরহাটে-২টি সর্বমোট=২২টি** প্রকল্প। প্রকল্পগুলো জেলা প্রশাসকের কার্যালয়ের ইনোভেশন কর্ণারের সাব মেন্যুতে উপজেলাভিত্তিক আপলোড করা এবং উল্লিখিত পাইলট প্রকল্পগুলো বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করা হয়। সভায়, পরিচালক প্রাণিসম্পদ অধিদপ্তর, রাজশাহী জানান যে, তাঁর আওতাধীন নওগাঁ ফার্মে একজন পোল্ট্রি টেকনিশিয়ান ''অনলাইন রিপোর্টিং সিস্টেম'' বিষয়ে একটি উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করেছেন যার মাধ্যমে উপজেলা পর্যায়ে কোন তথ্য আপলোড করা মাত্র তা জেলা, বিভাগ ও মন্ত্রণালয় পর্যন্ত পৌঁছানো সম্ভব হবে।<br>বিভাগীয় ইনোভেশন কমিটির আহবায়ক উদ্ভাবনী উদ্যোগটির জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।<br>২) প্রতিটি জেলা হতে অনলাইন ভিত্তিক যেকোনো উদ্ভাবনী/ইনোভেটিভ কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে কোন আর্থিক সহায়তার প্রয়োজন হলে তা জেলা ইনোভেশন কমিটির মাধ্যমে বিভাগীয় ইনোভেশন কমিটির কাছে প্রেরণের অনুরোধ করেন। | ১) জেলা প্রশাসকগণের কার্যালয়ের ওয়েব পোর্টালে ইনোভেশন কর্ণার নামে সাব মেন্যুতে উপজেলা ভিত্তিক  ২০২০-২০২১ অর্থ বছরে  উদ্ভাবনী উদ্যোগগুলো (প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ, উদ্ভাবকের নাম, বাস্তবায়নকারীর নাম, পদবী ও মোবাইল নম্বরসহ) এবং মেন্টরের নাম, প্রকল্প শুরুর তারিখ, প্রত্যাশিত ফলাফল, উপকারভোগী উল্লেখসহ আপলোড করতে হবে এবং উল্লিখিত পাইলট প্রকল্পগুলো বাস্তবায়ন করতে হবে।<br><br>২) এ বিভাগের প্রতিটি জেলা হতে অনলাইন ভিত্তিক যেকোন উদ্ভাবনী/ইনোভেটিভ কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে কোন আর্থিক সহায়তার প্রয়োজন হলে তা জেলা ইনোভেশন কমিটির মাধ্যমে বিভাগীয় ইনোভেশন কমিটির কাছে প্রেরণ করতে হবে। জেলা হতে প্রস্তাব পাওয়া মাত্রই এ কার্যালয় হতে উদ্ভাবন উপখাতে বরাদ্দ চেয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র দিতে হবে। | ১। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী বিভাগ<br>২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন ও মনিটরিং | সভায়, সকল দপ্তর প্রধানগণের মাঠ পর্যায়ের উদ্ভাবনী উদ্যোগগুলো নিয়মিত পরিদর্শন ও মনিটরিং অব্যাহত রাখতে বলা হয়। | উদ্ভাবনী উদ্যোগগুলো নিয়মিত পরিদর্শন ও মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। বিভাগীয় ইনোভেশন টিমের সদস্য/বিভাগীয় দপ্তর প্রধানগণ |
| ৫. | জেলা ইনোভেশন টিমের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা | সভায়, জেলা ইনোভেশন টিম কর্তৃক প্রণীত তাদের ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং বিভাগীয় ও জেলা পর্যায়ের ওয়েব পোর্টালের ইনোভেশন কর্ণার নামে সাব মেন্যুতে ইনোভেশন টিম/ইনোভেশন বার্ষিক কর্মপরিকল্পনাসহ ইনোভেশন সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য নিয়মিত আপলোড করণের বিষয়ে সভাপতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আর্কষণ করেন। | ১) জেলা ইনোভেশন টিম কর্তৃক প্রণীত তাদের ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২) বিভাগীয় ও জেলা পর্যায়ের ওয়েব পোর্টালের ইনোভেশন কর্ণার নামে সাব মেন্যুতে ইনোভেশন টিম/ইনোভেশন বার্ষিক কর্মপরিকল্পনাসহ ইনোভেশন সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য নিয়মিত আপলোড নিশ্চিত করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। বিভাগীয় ইনোভেশন টিমের সদস্য/ বিভাগীয় দপ্তর প্রধানগণ। |
| ৬. | ইনোভেশন টিমের সভা | জেলা ও উপজেলা ইনোভেশন টিমের সভা নিয়মিত আয়োজন এবং সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ পূর্বক স্ব-স্ব ওয়েব পোর্টালের ইনোভেশন কর্ণারে আপলোড করার জন্য জেলা প্রশাসকগণকে সভায় নির্দেশনা প্রদান করা হয়। | জেলা ও উপজেলায় ইনোভেশন টিমের সভা আয়োজন করে সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ পূর্বক স্ব-স্ব ওয়েব পোর্টালের ইনোভেশন কর্ণারে আপলোড করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। বিভাগীয় ইনোভেশন টিমের সদস্য/ বিভাগীয় দপ্তর প্রধানগণ। |
| ৭. | মাসিক উন্নয়ন সমন্বয় সভায় ইনোভেশন সংক্রান্ত আলোচনা | উপজেলা/জেলা/বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভায় ইনোভেশন কার্যক্রম নিয়ে আলোচনা করার উপর গুরুত্বারোপ করা হয়। সভায় আরও বলা হয়, সমন্বয় সভায় ইনোভেশন সংক্রান্ত আলোচনা হলে এক দপ্তর অন্য দপ্তরের ইনোভেশন কার্যক্রম সম্পর্কে জানতে পারবে যা ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়নে সহায়ক হবে। | উপজেলা/ জেলা/বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভায় বিভিন্ন দপ্তরের উদ্ভাবনী কার্যক্রম সংক্রান্ত বিষয়ে আলোচনা করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। বিভাগীয় ইনোভেশন টিমের সদস্য/বিভাগীয় দপ্তর প্রধানগণ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮. | ওয়েবপোর্টাল হালনাগাদ | ১২/০৫/২০২১ খ্রি. তারিখে এ বিভাগের বিভিন্ন জেলার ওয়েব পোর্টাল পর্যালোচনায় জেলাসমূহে জেলা প্রশাসন ও অন্যান্য দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদের নিম্নরূপ চিত্র পাওয়া যায়: বিভাগীয় প্রশাসন ১০০% অন্যান্য ৯৪.৮৮%), (সিরাজগঞ্জ জেলা প্রশাসন ৯৯.৮০% অন্যান্য ৯৬.৪৮%), (পাবনা জেলা প্রশাসন ১০০% অন্যান্য ৯৬.৬৮%), (বগুড়া জেলা প্রশাসন ১০০% অন্যান্য ৯৬.১০%), (রাজশাহী জেলা প্রশাসন ১০০% অন্যান্য ৯৪.৭২%), (নাটোর জেলা প্রশাসন ৯৮.৮৯% অন্যান্য ৮৬.৮৬%), (জয়পুরহাট জেলা প্রশাসন ১০০% অন্যান্য ৮৮.৬৬%), (চাঁপাইনবাবগঞ্জ জেলা প্রশাসন ৯৯.৮৯% অন্যান্য ৯৩.৫৫%), (নওগাঁ ৯৯.৪৯% অন্যান্য ৮৯.২৬%)। প্রতিটি দপ্তরের ওয়েব পোর্টালে তথ্য নিয়মিত হালনাগাদ রাখার জন্য জেলা প্রশাসক ও অন্যান্য দপ্তর প্রধানগণকে অনুরোধ করা হয়। এ বিষয়ে প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার এর সহায়তা নিতে হবে। | জেলা ও বিভাগীয় পর্যায়ে প্রতিটি দপ্তরের ওয়েব পোর্টালের তথ্য নিয়মিত হালনাগাদ করার চেষ্টা অব্যাহত রাখতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। বিভাগীয় ইনোভেশন টিমের সদস্য/বিভাগীয় দপ্তর প্রধানগণ<br><br>৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (সকল) রাজশাহী বিভাগ |
| ৯. | ইনোভেশন শোকেসিং-২০২১ | চলতি অর্থ বছরে ইনোভেশন শোকেসিং আয়োজনের বিষয়ে এখনো কোন নির্দেশনা পাওয়া যায়নি। তবে সভাপতি জানান, পরিস্থিতি স্বাভাবিক হলে ইনোভেশন শোকেসিং আয়োজন করা হবে, সে জন্য প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন করে রাখতে হবে। তিনি প্রতিটি জেলায় সেরা ০৩ টি করে উদ্ভাবনী উদ্যোগ বাছাই করে রাখার পরামর্শও প্রদান করেন। | বর্তমান কোভিড-১৯ পরিস্থিতি স্বাভাবিক হলে নির্দেশনা মোতাবেক সময়ে ইনোভেশন শোকেসিং আয়োজন এর জন্য প্রয়োজনীয় প্রস্তুতি রাখতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। বিভাগীয় ইনোভেশন টিমের সদস্য |

পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



ড. মো: হুমায়ুন কবীর

বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০১৭.০২.০০১.২১.৩৩

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪২৮

২৪ মে ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৩) সচিব, সমন্বয় ও সংস্কার, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ

৪) প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম

৫) অতিরিক্ত বিভাগীয় কমিশনার, রাজস্ব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

৬) অতিরিক্ত বিভাগীয় কমিশনার, সার্বিক, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

৭) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

৮) বিভাগীয় ইনোভেশন টিম, রাজশাহী

৯) কমিশনারের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী (মহোদয়ের সদয় অবগতির জন্য)

১০) জনাব মোঃ সেলিম রেজা, সহকারী প্রোগ্রামার, (সংযুক্ত বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী)

এ. এন. এম. মঈনুল ইসলাম
অতিরিক্ত বিভাগীয় কমিশনার